উপজেলা প্রকৌশলীর কার্যালয়

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৬ আগস্ট ২০২১

অদ্য ২৬ আগস্ট ২০২১ইং তারিখ রোজ বৃহস্পতিবার উপজেলা প্রকৌশলীর কার্যালয়, লামা, বান্দরবান এর উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি'র দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব মোঃ জাহেদ উদ্দিন।

উক্ত সভার আলোচ্যসূচী নিম্নরূপ-

১। অত্র কার্যালয়ের বর্তমান কার্যক্রম, অগ্রগতি এবং পরবর্তী মাসের কর্মবন্টন/কর্মপরিকল্পনা।

২। উপজেলা পরিষদ, লামা, বান্দরবান থেকে প্রস্তাবিত স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প প্রস্তাব।

৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচ্যসূচী-১: অত্র কার্যালয়ের বর্তমান কার্যক্রম আলোচনা এবং পরবর্তী মাসের কর্ম পরিকল্পনা সন্তোষজনক প্রকাশ করা হয়। সভায় আলোচনার মাধ্যমে উক্ত কার্যালয়ের কার্যক্রম আরো গতিশীল ও বেগবান করার প্রত্যাশা করেন সভাপতি জনাব মোঃ জাহেদ উদ্দিন।

আলোচ্যসূচী-২: অনুযায়ী উপজেলা পরিষদ, লামা এর সাধারন সভায় প্রকল্প আহবানের ভিত্তিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে একটি উপ প্রকল্প প্রস্তাব দেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।

আলোচ্যসূচী-৩: অনুযায়ী কার্যালয়ের সকল কাগজপত্র হালনাগাদ করার বিষয়ে তাগিদ দেয়া হয়।

**প্রকল্পটি নিম্নরূপ:**

**ক) ইউনিয়ন পরিষদের সচিব, উদ্যোক্তা ও সরকারী কর্মকর্তা - কর্মচারীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ**

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর

| ক্র: নং | নাম | কর্মস্থলের পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জাহেদ উদ্দিন | ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত/- |
| ২. | জনাব মোঃ মজনুর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লামা | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৩. | জনাব মিন্টু কুমার সেন | চেয়ারম্যান, ২নং লামা ইউনিয়ন | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৪. | জনাব প্রদীপ কান্তি দাশ | বিশিষ্ট ব্যবসায়ী, লামা বাজার | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৫. | জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন | ফাইতং | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৬. | জনাব মঞ্জুর ইসলাম | মধুঝিরি, ৭নং ওয়ার্ড, লামা পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত/- |
| ৭. | জনাব মোঃ মাহফুজুল হক | উপজেলা প্রকৌশলী | সদস্য সচিব | স্বাক্ষরিত/- |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষনা করেন।

২৬-০৮-২০২১

(মোঃ জাহেদ উদ্দিন)
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

০১। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

০২। পরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

০৫। জনাব ........................................ সদস্য, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি, লামা, বান্দরবান।

২৬/৮/২০২১

(মোঃ মাহফুজুল হক)
উপজেলা প্রকৌশলী ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

(মোঃ মাহফুজুল হক)
উপজেলা প্রকৌশলী (অঃ দাঃ)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
লামা, বান্দরবান পার্বত্য জেলা